

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd



নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.৯৯

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

অফিস আদেশ

বেসরকারী মাদ্রাসাসমূহে কর্মরত শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটের ভুল তথ্যাদি সংশোধনের নিমিত্তে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

১	পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	আহ্বায়ক
২	উপপরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
৩	সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারিরিক শিক্ষা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
৪	সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
৫	সহকারী পরিচালক (সরকারী ও সিনিয়র মাদ্রাসা)/(দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) বেসরকারী মাদ্রাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটের ভুল সংশোধনের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর যথাযথভাবে দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনায় আনবে;

(খ) কমিটি আবেদনে উল্লেখিত ভুল সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজ-পত্র/ডকুমেন্ট যাচাই করবে;

(গ) আবেদনের সংখ্যা বিবেচনায় কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার কিংবা একাধিকবার, প্রয়োজনে প্রতি সপ্তাহে সভা করবে;

(ঘ) সর্বশেষ বিধি-বিধান/নীতিমালা অনুসরণপূর্বক কমিটি নাম, জন্মতারিখ, পদবী, ব্যাংক হিসাব নম্বর এবং অন্যান্য ভুল সংশোধনের

জন্য মহাপরিচালক বরাবর সুপারিশ/মতামত প্রদান করবে;

(ঙ) সংশ্লিষ্ট শাখার সহকারী পরিচালক মাদ্রাসার স্তর/শ্রেণিভিত্তিক আবেদন ক্রমানুযায়ী বিভাগওয়ারী কমিটির নিকট উপস্থাপন করবে।

এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

৫-১০-২০২০

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.৯৯/১(৭)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭


০৫ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক (প্রশাসন ও অর্থ)/(প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

- ৩) উপপরিচালক (সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক (সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫) পরিদর্শক (সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬) সহকারী প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৭) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ



৫-১০-২০২০

মো:শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক